DEC. 23 2001

যুগান্তর

# এবার সরকারি স্কুলে ভর্তির পুরো প্রক্রিয়া নিয়ন্ত্রণ করবে শিক্ষা অধিদফতর

যুগান্তর রিপোর্ট

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতর এবারই প্রথম রাজধানী ঢাকার সরকারি স্কুলগুলোর ভর্তি প্রক্রিয়া নিয়ন্ত্রণ করবে। স্কুলগুলো তিনটি গ্রুপে আলাদা প্রশ্নপত্রে ভর্তি পরীক্ষা গ্রহণ শেষে উত্তরপত্র শিক্ষা অধিদফতরে জমা দেবে এবং অধিদফতর থেকে উত্তরপত্রের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করে স্কুলগুলোতে পাঠানোর পরই ছাত্রছাত্রী ভর্তি করা হবে। গতকাল শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের সঙ্গে ২৪টি সরকারি স্কুলের প্রধান শিক্ষকদের বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। গতকাল থেকেই স্কুলগুলোতে ভর্তির আবেদন ফরম বিতরণ শুরু হয়েছে। প্রথম দিনেই ভর্তি ফরম সংগ্রহের জন্য প্রতিটি স্কুলে বিপুলসংখ্যক অভিভাবক ভিড় জমান। ভর্তি ফরম বিতরণ ও জমা নেয়া হবে আগামী ৫ জানুয়ারি পর্যন্ত। এরপর 'এ', 'বি' ও 'সি' এ তিনটি গ্রুপে ৮টি করে স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে যথাক্রমে ৮, ১০ ও ১২ জানুয়ারি।

প্রতি বছরের মতো এবারও নগরীর অভিজাত

ভর্তি : পৃষ্ঠা : ৬ কলাম : ২

## ভর্তি : শিক্ষা অধিদফতর

(১ম পৃষ্ঠার পর)

বেসরকারি স্কুলগুলোতে ছাত্রছাত্রী ভর্তি প্রক্রিয়ার শেষ দিকে সরকারি স্কুলের ভর্তি ফরম বিতরণ শুরু হয়েছে। গতকাল এই ভর্তি ফরম বিতরণের প্রথম দিনেই প্রতিটি স্কুলে প্রচণ্ড ভিড় ছিল। সকাল থেকেই অভিভাবক-অভিভাবিকারা তাদের ছেলেমেয়েদের পছন্দের স্কুলে ভর্তি ফরম সংগ্রহের জন্য ভিড় জমান। প্রচণ্ড ভিড় ঠেলেই তারা ৫০ টাকা দিয়ে এই ভর্তি ফরম সংগ্রহ করেন। শিক্ষা অধিদফতর সূত্রে জানা যায়, এবার স্ব স্ব থানার সরকারি প্রাথমিক স্কুল থেকে উত্তীর্ণ ছাত্রছাত্রীরাই ওই এলাকার সরকারি উচ্চ বিদ্যালয়ে মেধা অনুযায়ী ভর্তির সুযোগ পাবে। এ, বি ও সি- তিনটি গ্রুপে ( প্রতি গ্রুপে ৮টি স্কুল) বিভক্ত করে যথাক্রমে ৮, ১০ ও ১২ জানুয়ারি ২০০২ তারিখে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার উত্তরপত্রে নম্বর দেয়া নিয়ে বিভিন্ন সময়ে উত্থাপিত নানা ধরনের আপত্তির কারণে এবার শিক্ষা অধিদফতর ভর্তি পরীক্ষার খাতাগুলো পরীক্ষা করে মেধা তালিকা প্রণয়ন করবে এবং স্কুলগুলো ওই মেধা তালিকা অনুযায়ী ছাত্রছাত্রী ভর্তি করবে। ভর্তি পরীক্ষা শেষে স্কুলগুলো সব উত্তরপত্র সিলগালা করে বিশেষ বাহক মারফত শিক্ষা অধিদফতরে পাঠিয়ে দেবে। এ ব্যাপারে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেন, সরকারি স্কুলে ভর্তি পরীক্ষায় স্বচ্ছতা আনার জন্যই শিক্ষা অধিদফতরকে ভর্তি পরীক্ষার খাতা যাচাই-বাছাইয়ের দায়িত্ব দেয়া হয়েছে। সরকার চায় মেধা ও যোগ্যতার ভিত্তিতে প্রতিটি ছাত্রছাত্রী যেন স্কুলে ভর্তির সুযোগ পায়। ইতিপূর্বে ভর্তি পরীক্ষার খাতা দেখার বিষয়ে নানা ধরনের অভিযোগের কারণেই প্রথমবারের মতো এবার শিক্ষা অধিদফতরকে ভর্তি পরীক্ষার খাতা দেখার দায়িত্ব দেয়া হয়েছে। ভর্তি পরীক্ষার খাতা দেখার বিষয়ে কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বলেন, শিক্ষা অধিদফতর ভর্তি খাতা দেখার দায়িত্ব নেয়ায় তারা অনেক ঝামেলা থেকে রেহাই পেয়েছেন। এখন আর স্কুলগুলোকে কোন সমালোচনার মধ্যে পড়তে হবে না। শিক্ষা অধিদফতরের তৈরি করা মেধা তালিকার ভিত্তিতেই স্কুলগুলো শুধু ছাত্রছাত্রী ভর্তি করবে। একই ধরনের মন্তব্য করেছেন অন্যান্য স্কুলের প্রধান শিক্ষকরাও।

'এ' গ্রুপের ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৮ জানুয়ারি। স্কুলগুলো হচ্ছে- গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভর্নমেন্ট গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়। 'বি' গ্রুপের ভর্তি পরীক্ষা হবে ১০ জানুয়ারি। স্কুলগুলো হচ্ছে- মতিঝিল সরকারি বালক বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয় এবং 'সি' গ্রুপের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১২ জানুয়ারি। স্কুলগুলো হচ্ছে- ধানমন্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (ধানমন্ডি), ঢাকা কলেজিয়েট স্কুল, কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (টিকাটুলি), তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়।